

সুষ্ঠু পরিবেশের দাবিতে মানববন্ধন এ এবং ও লেভেল পরীক্ষা নিয়ে অভিভাবকদের শংকা যুগান্তর রিপোর্ট

আগামী মে-জুনে অনুষ্ঠিত হবে 'আইজিসিএসই', 'এ' এবং 'ও' লেভেল- এ তিনটি আন্তর্জাতিক পর্যায়ের পরীক্ষা। কিন্তু চলমান রাজনৈতিক সংকটের কারণে এসব পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে অনিশ্চয়তার আশংকা করেছেন পরীক্ষার্থীদের অভিভাবকরা। গুরুবার রাজধানীতে মানববন্ধন এবং সংবাদ সম্মেলন থেকে তারা এ আশংকা প্রকাশ করে বলেছেন, বছরে দু'বার বিশ্বের ১৯০টি দেশে একযোগে ক্যামব্রিজ ও অ্যাডভান্সড সিলেবাসের এ তিনটি পরীক্ষা নেয়া হয়। পরিস্থিতি যা চলছে তাতে আমাদের সন্তানরা পরীক্ষায় অংশ নিতে পারবে কিনা তা নিয়ে আমরা শঙ্কিত।

জাতীয় প্রেস ক্লাবের সামনে ওই মানববন্ধন অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে প্রায় ৪৫ মিনিট স্থায়ী হয় এটি। এরপর তারা প্রেস ক্লাবের তিন তলায় সংবাদ সম্মেলনের আয়োজন করেন। মানববন্ধনে অভিভাবক সুলতানা কানিজ ফাতেমা বলেন, বিশ্বব্যাপী বিভিন্ন দেশে একই সময় পরীক্ষাটি অনুষ্ঠিত হয়। তাই হরতালসহ কোনো কারণে যদি একদিনও এ পরীক্ষা পড়ে, তাহলে তা স্থগিত করা সম্ভব হবে না। সে ক্ষেত্রে আমাদের শিক্ষার্থীদের হয় ঝুঁকি নিয়ে পরীক্ষায় বসতে হবে, নতুবা সেশন ছেড়ে দিতে হবে। সাধারণত বোর্ড কর্তৃপক্ষ এমন পরিস্থিতিতে পরীক্ষা নেয় না। এ পরিস্থিতিতে সেশন ছেড়ে দিতে হবে। এতে শিক্ষার্থীদের শিক্ষাজীবন ছয় মাস থেকে এক বছর পিছিয়ে যাবে। আরেক অভিভাবক সোহেলা কবির বলেন, জানুয়ারির সেশনে হরতালের কারণে বাচ্চাদের দুটি পরীক্ষা হয়নি।